

মাননীয় উপাচার্য-এর সাথে গাইনি বিভাগের অধ্যাপকবৃন্দের সাথে সভা অনুষ্ঠিত

গত ১১ জানুয়ারি ২০১৭ইং তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য-এর কার্যালয়ে সকাল ৯টায় মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খানের সাথে অবস এ্যান্ড গাইনি বিভাগের সম্মানিত অধ্যাপকবৃন্দের সাথে এক গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়। এসময় উপস্থিত ছিলেন এ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এ এস জাকারিয়া স্বপন, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোঃ আলী আসগর মোড়ল, মেডিক্যাল টেকনোলজি অনুষদের ডীন অধ্যাপক ডা. মোহাম্মদ আতিকুর রহমান, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, অবস এ্যান্ড গাইনি বিভাগের সম্মানিত চেয়ারম্যান অধ্যাপক ডা. পারভীন ফাতেমা, সম্মানিত অধ্যাপক ডা. ফিরোজা বেগম, অধ্যাপক ডা. সাবেরা খাতুন, অধ্যাপক ডা. তৃপ্তি রাণী দাস, অতিরিক্ত রেজিস্ট্রার-২ ডা. স্বপন কুমার তপাদার প্রমুখ উপস্থিত ছিলেন।

মাননীয় মন্ত্রিপরিষদ সচিব-এর মায়ের শয্যাপাশে মাননীয় উপাচার্য

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান গত ১১ জানুয়ারি ২০১৭ইং তারিখ, সকালে কেবিন ব্লকের ভিআইপি ডিলাক্স ৫১২নং কেবিনে চিকিৎসাধীন মাননীয় মন্ত্রিপরিষদ সচিব জনাব মোহাম্মদ শফিউল আলমের মা-কে দেখতে যান। এসময় মাননীয় উপাচার্য, মন্ত্রিপরিষদ সচিব-এর মায়ের চিকিৎসার খোঁজ-খবর নেন এবং কিছুক্ষণ অবস্থান করেন। এসময় উপস্থিত ছিলেন মাননীয় মন্ত্রিপরিষদ সচিব জনাব মোহাম্মদ শফিউল আলম, এ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোঃ আলী আসগর মোড়ল, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল প্রমুখ উপস্থিত ছিলেন।